

ইএফএ গ্লোবাল মনিটরিং প্রতিবেদন দেশে বয়স্ক শিক্ষার চিত্র হতাশাজনক

নিজস্ব প্রতিবেদক ●

২০১৫ সালের মধ্যে বয়স্ক সাক্ষরতার ক্ষেত্রে যেসব দেশ জাতিসংঘের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য (এমডিডি) অর্জন করতে পারবে না, সেসব দেশের তালিকায় আছে বাংলাদেশের নাম। যেসব দেশে বয়স্কদের মধ্যে ১০ মিলিয়নের বেশি অশিক্ষিত, সেসব দেশের মধ্যেও রয়েছে বাংলাদেশ।

ইউনাইটেড ন্যাশনস এডুকেশনাল, সায়েন্সিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন (ইউনেস্কো) প্রকাশিত 'ইএফএ গ্লোবাল মনিটরিং রিপোর্ট ২০১২'-এর প্রকাশিত প্রতিবেদনে এ তথ্য দেওয়া হয়েছে। প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশে বয়স্কদের মধ্যে ৪৪ মিলিয়নই অশিক্ষিত।

বিশ্বব্যাপী ইএফএ বা সবার জন্য শিক্ষার যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, তার কতটা অর্জিত হয়েছে, তা দেখার জন্যই ইউনেস্কো প্রতিবছর এ প্রতিবেদন প্রকাশ করে।

গতকাল বৃহস্পতিবার রাধধানীর বানবেইস ভবনে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, শিক্ষা মন্ত্রণালয়, সেভ দ্য চিলড্রেন এবং ইউনেস্কো ঢাকা অফিস যৌথভাবে এ প্রতিবেদনের মোড়ক উন্মোচন অনুষ্ঠানের

আয়োজন করে।

বাংলাদেশ পরিস্থিতি তুলে ধরতে গিয়ে সেভ দ্য চিলড্রেনের (বেসিক এডুকেশন) অনুষ্ঠান পরিচালক তাসদাত মাহমুদ বলেন, বাংলাদেশে শিশুদের প্রাথমিক যত্ন ও শিক্ষার ক্ষেত্রে কিছু অর্জন আছে। তবে এ সুযোগ পাচ্ছে মাত্র ৫০ শতাংশ শিশু। শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে জটিল চিত্র ভালো হলেও করে পড়ার হার উর্বেগজনক। ২৭ শতাংশ শিশু প্রাথমিক বিদ্যালয়ের গড়া শেষ করতে পারে না। তা ছাড়া প্রতিবেদনে বয়স্ক সাক্ষরতার যে চিত্র দেওয়া আছে, তা খুবই হতাশাজনক।

অনুষ্ঠানের প্রধান অতিথি শিক্ষাসচিব কামাল আবদুল নাসের চৌধুরী সবার জন্য শিক্ষা নিশ্চিতকরণে মন্ত্রণালয়ের নেওয়া বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করেন। এতে সভাপতিত্ব করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আশরাফুল ইসলাম।

অনুষ্ঠানে প্রতিবেদনের সারাংশ তুলে ধরেন সেভ দ্য চিলড্রেনের দেশীয় পরিচালক মাইকেল ম্যাকগ্র্যাথ ও ইউনেস্কো ঢাকার অফিসার ইন চার্জ কিচি ওয়াসু। বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব আবু হেনা মোরশেদ জামান সমাপনী বক্তব্য দেন।